

পরিকল্পনা শাখা হতে ভূমি ব্যবহারের ছাড়পত্র/ঋণ গ্রহণের তথ্যপত্র প্রাপ্তির পদ্ধতিঃ

০১। অন-লাইনের মাধ্যমে ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে (ওয়েব লিংক-

<http://203.112.209.101/noc2021/public>

০২। ওয়েব লিংক এর মাধ্যমে আপনার আবেদনকারী একাউন্ট তৈরী করুন বাটনে ক্লিক করুন (Account তৈরী করা থাকলে সরাসরি আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন)। প্রদর্শিত মেনুতে নাম, মোবাইল নম্বর, পাসওয়ার্ড ও ক্যাপচা পূরণ করে 'নিবন্ধন করুন' বাটনে ক্লিক করুন।

০৩। অতঃপর আপনার মোবাইলে প্রেরিত OTP নম্বরটি প্রদর্শিত ঘরে বসিয়ে 'পাঠান' বাটনে ক্লিক করলে আপনার একাউন্ট খোলা হয়ে যাবে।

০৪। অতঃপর আপনার মোবাইল নম্বর, পাসওয়ার্ড ও ক্যাপচা পূরণ করে লগ ইন করতে হবে।

০৫। লগ ইন সফল হলে বামদিকে 'আবেদনের তালিকা' বাটনে ক্লিক করুন, অতঃপর যে Window আসবে সেখান থেকে 'আবেদন করুন' বাটনে ক্লিক করলে আবেদনপত্র প্রদর্শিত হবে।

০৬। আবেদনপত্র অনুসারে প্রয়োজনীয় তথ্যসহ আবেদনপত্রটি পূরণ করে 'খসড়া হিসেবে সংরক্ষণ করুন' বাটনে ক্লিক করলে সংরক্ষণ হবে। অতঃপর 'পদক্ষেপ' বাটনে ক্লিক করে 'সম্পাদনা করুন' (যদি ভুল থাকে সংশোধন করুন) বাটনে ক্লিক করে প্রিভিউ বাটনে ক্লিক করুন। অতঃপর 'আবেদনপত্র জমা দিন' বাটনে ক্লিক করুন।

০৭। প্রদর্শিত Transaction Information এর যে কোন একটি পদ্ধতি অবলম্বনে অর্থ পরিশোধ করলে আপনার আবেদনটি যথাযথভাবে দাখিল হবে।

পরিকল্পনা শাখা হতে ভূমি ব্যবহারের ছাড়পত্র/ঋণ গ্রহণের তথ্যপত্র প্রাপ্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। জমির দলিল ও পর্চা/রেকর্ড।

২। জমির লে-আউট প্ল্যান

i. জমির পরিমাপ, জমিতে বিদ্যমান স্থাপনা, জমির সাথে সংযুক্ত রাস্তা ও রাস্তার নাম সহ প্রশস্ততা। নির্দিষ্ট কোন রেফারেন্স পয়েন্ট যেমন-স্কুল, কলেজ, মাদ্রাসা, মসজিদ, বাজার অথবা মোড় হতে জমির দূরত্ব। জমির চারপাশে ব্যবহার ও বিদ্যমান স্থাপনা সহ লে-আউট (১:২০০ অথবা যে কোন স্কেলে)

ii. মৌজা ম্যাপে জমিতে যাতায়াতের রাস্তা সহ স্কেলে জমির সঠিক অবস্থান চিহ্নিত করে লে-আউট দাখিল।

৩। জাতীয় পরিচয়পত্র।

৪। আবেদনকারীর ছবি।

আবেদনের জন্য প্রয়োজনীয় ফি -

১। মাস্টার প্ল্যানের সাথে সংগতিপূর্ণ আবেদনসমূহ :

	জমির পরিমাণ	চাহিত ব্যবহার	ফর্মের মূল্য	সেবা ফি	ভ্যাট	মোট মূল্য
i)	৫ কাঠা পর্যন্ত	আবাসিক ব্যবহার	১,০০০/-	৪,০০০/-	৭৫০/-	৫,৭৫০/-
	৫ কাঠার উপরে	আবাসিক ব্যবহার	১,০০০/-	৬,০০০/-	১,০৫০/-	৮,০৫০/-
ii)	৫ কাঠা পর্যন্ত	বাণিজ্যিক ব্যবহার	১,০০০/-	৭,০০০/-	১,২০০/-	৯,২০০/-
	৫ কাঠার উপরে	বাণিজ্যিক ব্যবহার	১,০০০/-	১৩,০০০/-	২,১০০/-	১৬,১০০/-
iii)	যে কোন পরিমাণ	ক্ষুদ্র শিল্প	১,০০০/-	২০,০০০/-	৩,১৫০/-	২৪,১৫০/-
		বৃহৎ শিল্প	১,০০০/-	৬০,০০০/-	৯,১৫০/-	৭০,১৫০/-
		ধর্মীয় প্রতিষ্ঠান (মসজিদ, মন্দির, গীর্জা প্যাগোডা)	১,০০০/-	-	১৫০/-	১,১৫০/-
iv)	যে কোন পরিমাণ (ঋণ গ্রহণ, ভূমি ব্যবহারের তথ্যপত্র)		১,০০০/-	৫০০/-	২২৫/-	১৭২৫/-

২। মাস্টার প্ল্যান পরিপন্থী আবেদনসমূহ :

	জমির পরিমাণ	চাহিত ব্যবহার	ফর্মের মূল্য	সেবা ফি	ভ্যাট	মোট মূল্য
i)	৫ কাঠা পর্যন্ত	আবাসিক ব্যবহার	২,৫০০/-	৮,০০০/-	১৫৭৫/-	১২,০৭৫/-
	৫ কাঠা উপরে	আবাসিক ব্যবহার	২,৫০০/-	১২,০০০/-	২,১৭৫/-	১৬,৬৭৫/-
ii)	৫ কাঠা পর্যন্ত	বাণিজ্যিক ব্যবহার	২,৫০০/-	১৪,০০০/-	২,৪৭৫/-	১৮,৯৭৫/-
	৫ কাঠার উপরে	বাণিজ্যিক ব্যবহার	২,৫০০/-	২৬,০০০/-	৪,২৭৫/-	৩২,৭৭৫/-
iii)	যে কোন পরিমাণ	ক্ষুদ্র শিল্প	২,৫০০/-	৪০,০০০/-	৬,৩৭৫/-	৪৮,৮৭৫/-
		বৃহৎ শিল্প	২,৫০০/-	১,২০,০০/-	১৮,৩৭৫/-	১,৪০,৮৭৫/-